

নম্বরপত্রে অস্বচ্ছতা রাবির দুই শিক্ষককে পরীক্ষা কার্যক্রম থেকে অব্যাহতি

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী
পরীক্ষার নম্বরপত্রে অস্বচ্ছতার দায়ে
রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি)
গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের
দুই শিক্ষককে পাঁচ বছরের জন্য পরীক্ষা
সংক্রান্ত সব কার্যক্রম থেকে অব্যাহতি
দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল
শনিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের
একাডেমিক কাউন্সিলের সভায় এ সিদ্ধান্ত
নেওয়া হয়েছে বলে জানিয়েছেন
বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য অধ্যাপক
চৌধুরী সারওয়ার জাহান।

অব্যাহতিপ্রাপ্ত দুজন শিক্ষক হলেন—
সহযোগী অধ্যাপক তানভীর আহমেদ
এবং তার স্ত্রী প্রভাষক সোমা দেব।
গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ
সূত্রে জানা যায়, ২০১৫ সালের তৃতীয়
বর্ষের ৩০৫ নং কোর্সের শিক্ষক ছিলেন
তানভীর আহমেদ এবং সোমা দেব।
কোর্সটির দুটি ইনকোর্সের মধ্যে প্রথম
ইনকোর্সের দায়িত্বে ছিলেন তানভীর
আহমেদ। সেটির নম্বর তানভীর
আহমেদের দেওয়ার কথা থাকলেও
নম্বরপত্রে উল্লেখ আছে সোমা দেবের
হাতে লেখা নম্বর। সেখানে কয়েকটি
নম্বরে পরিবর্তন হওয়ায় কাটাকাটি করেন
সোমা দেব। কাটাকাটির জায়গাগুলোয়
স্বাক্ষরও করেন সোমা দেব। তবে মূল
পরীক্ষকের স্বাক্ষর হিসেবে উল্লেখ আছে
তানভীর আহমেদের স্বাক্ষর।